

তারিখঃ ৩১/১২/২০১৭ইং

## প্রেস রিলিজ

অদ্য ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে রাজধানীর একটি হোটেলের বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশনের নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ ছায়েদুর রহমান। নির্বাহী কমিটির নব নির্বাচিত সদস্যগণ উৎসবমুখর পরিবেশে তাদের মধ্য থেকে ২০১৮ ও ২০১৯ইং দুই বছরের জন্য প্রেসিডেন্ট, ফাস্ট ভাইস-প্রেসিডেন্ট, সেকেন্ড ভাইস-প্রেসিডেন্ট, সেক্রেটারি জেনারেল এবং ট্রেজারার নির্বাচন করেন। সভায় নির্বাচন বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ উপস্থিত ছিলেন। জনাব মোঃ ছায়েদুর রহমান তাঁর দায়িত্বকালীন সময়ে আন্তরিক সহযোগিতার জন্য সকলের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং বিএমবিএ'র উত্তরোত্তর সাফল্য কামনা করেন। জনাব মুহাম্মদ এ. হাফিজ বিএমবিএ'র গঠন পর্যায়ের শুরুর কাল থেকে বর্তমান সময় পর্যন্ত একটি সংক্ষিপ্ত ইতিহাস তুলে ধরেন। সকলের সহযোগিতায় বিএমবিএ'র আগামী দিনে আরও সাফল্য কামনা করেন।

নব-নির্বাচিত কর্মকর্তাগণ হলেন ১. সভাপতি- জনাব মোহাম্মদ নাসির উদ্দিন চৌধুরী, পরিচালক, লংকাবাংলা ইনভেস্টমেন্টস লিঃ ২. ফাস্ট ভাইস-প্রেসিডেন্ট- জনাব মোহাম্মদ আহসান উল্লাহ, এমডি, গ্রামীণ ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ ৩. সেকেন্ড ভাইস-প্রেসিডেন্ট- জনাব মোঃ রফিকুল ইসলাম, এমডি অ্যান্ড সিইও, গ্রীনডেল্টা ক্যাপিটাল লিঃ ৪. সেক্রেটারি জেনারেল- জনাব খায়রুল বাসার আবু তাহের মোহাম্মদ, সিইও, এমটিবি ক্যাপিটাল লিঃ ৫. ট্রেজারার- জনাব মোঃ রিয়াদ মতিন, এমডি অ্যান্ড সিইও, বিএমএসএল ইনভেস্টমেন্ট লিঃ। কমিটির কার্যনির্বাহী সদস্যগণ হলেন যথাক্রমে ১. জনাব মোঃ মাহবুব এইচ মজুমদার, এফসিএমএ, চীফ এক্সিকিউটিভ, এএফসি ক্যাপিটাল লিঃ ২. জনাব তাহিদ আহমদ চৌধুরী, এফসিসিএ, এমডি অ্যান্ড সিইও, সিটিজেন সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ ৩. জনাব মোঃ সোহেল রহমান, সিইও, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ ৪. জনাব মোহাম্মদ সালেহ আহমেদ, সিইও, আইআইডিএফসি ক্যাপিটাল লিঃ ৫. জনাব মোহাম্মদ হাফিজ উদ্দিন, সিইও, মাইডাস ইনভেস্টমেন্ট লিঃ ৬. এয়ার কমোডোর (অবঃ) মোঃ আবু বকর, এফসিএ, এমডি, সাউথইস্ট ব্যাংক ক্যাপিটাল সার্ভিসেস লিঃ।

কর্মকর্তা নির্বাচন ও ঘোষণা শেষে জনাব মোহাম্মদ নাসির উদ্দিন চৌধুরী সভাপতির দায়িত্বভার গ্রহন করেন। তাঁর বক্তব্যের প্রথমেই জনাব মোঃ ছায়েদুর রহমান এর বিগত দিনের সাফল্যের কথা স্মরণ করে তাঁর ভূয়সী প্রশংসা করেন।

পরিশেষে তাকে বর্তমান মেয়াদে বিএমবিএ এর সভাপতি নির্বাচিত করায় তিনি সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিএমবিএ'র সভাপতি হিসেবে পূঁজিবাজার উন্নয়নের জন্য আশ্রয় চেষ্টি করার প্রতিশ্রুতি ব্যক্ত করে সভায় উপস্থিত ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সকল সাংবাদিক বৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে,



(মোঃ গোলাম মোস্তফা)

সেক্রেটারি